দৈনিক সংবাদ

তারিখ 2. JAN. 1989
পৃষ্ঠা ... 1 কলাম ... 8

## প্রখ্যাত অর্থনীতিবিদ

# ডঃ অমর্ত্য সেন এখন ঢাকায়

(নিজস্ব বার্তা পরিবেশক)

শীর্ষস্থানীয় অর্থনীতিবিদ এবং আন্তর্জাতিক অর্থনীতি সমিতির সভাপতি ডঃ অমর্ত্য সেন এখন ঢাকায়। ডঃ সেন বাংলাদেশে ৫ দিনের সফরে গতরাতে কলকাতা থেকে ঢাকায় এসেছেন।

হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ও দর্শনের অধ্যাপক অমর্ত্য সেন "ক্ষুধার রাজনৈতিক অর্থনীতি" শীর্ষক মুক্ত বক্তৃতা দেবেন আগামী ৪ঠা জানুয়ারী। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) আয়োজিত এই মুক্ত বক্তৃতামালা অনুষ্ঠিত হবে ফার্মগেটস্থ বার্ক মিলনায়তনে।

ডঃ সেন 'অর্থনীতি চর্চার সর্বশেষ গতিপ্রকৃতি'র ওপর

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রখ্যাত অর্থনীতিবিদ

(১ম পাতার পর)

বলবেন ৫ই জানুয়ারী। বাংলাদেশ অর্থনীতি সমিতি ও ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগ আয়োজিত এই বিশেষ আলোচনা অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে।

বিআইডিএস-এর মহাপরিচালক অধ্যাপক রেহমান সোবহান গতকাল তাকে বিমান বন্দরে স্বাগত জানান। ঢাকায় অবস্থানকালে ডঃ সেন এ দেশের নেতৃস্থানীয় অর্থনীতিবিদ, নীতি নির্ধারক ও পরিকল্পনা প্রণেতাদের সঙ্গে মত বিনিময় করবেন।

অধ্যাপক সেন স্বাধীনতার পর পঁচাত্তর সালে আরেকবার ঢাকায় এসেছিলেন। চুয়াত্তরের দুর্ভিক্ষ নিয়ে সেবার তিনি গবেষণা কাজ করেছিলেন। তার গবেষণা গ্রন্থ 'দারিদ্র্য ও দুর্ভিক্ষ'-তে বাংলাদেশের সেই দুর্ভিক্ষের বিশদ চিত্র তিনি এঁকেছেন।

## নবরূপে সজ্জিত সচিবালয় লাইব্রেরীর উদ্বোধন

মন্ত্রিপরিষদ সচিব মোঃ মুজিবুল হক দক্ষ প্রশাসনব্যবস্থার উত্তরণে ও মূল্যবোধের অবক্ষয়রোধে লাইব্রেরীর অবিনশ্বর ভূমিকার প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন যে, একটি মানব মস্তিষ্কে যেহেতু সর্বোৎকৃষ্ট সবকিছু একনাগাড়ে ধরে রাখা অসম্ভব সেহেতু লাইব্রেরীর প্রয়োজন ও অবদান চির স্বীকৃত।

তিনি গতকাল সংস্থাপন মন্ত্রণালয়ে নবরূপে সজ্জিত সচিবালয় লাইব্রেরীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সংস্থাপন সচিব মোঃ শামসুল হক চিশতী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। খবর তথ্য বিবরণীর।